

সংবাদ বিজ্ঞপ্তি  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

তারিখ: ১৫ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এফআরসি কর্তৃক আন্তর্জাতিক মানদণ্ড উন্নয়ন ও প্রণয়নকারী তিনটি সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর।

বাংলাদেশের পেশাজীবী হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশার সরকারী নিয়ন্ত্রক সংস্থা এফআরসি সম্প্রতি তিনটি আন্তর্জাতিক মানদণ্ড উন্নয়ন ও প্রণয়নকারী সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে। আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো হচ্ছে আইএফআরএস ফাউন্ডেশন (IFRS Foundation), ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ অ্যাকাউন্ট্যান্টস (IFAC) এবং আইভিএস কাউন্সিল (IVSC)। মানদণ্ড প্রণয়নকারী তিনটি সংস্থাই পুঞ্জানুপুঞ্জ, স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে মানদণ্ড, ব্যাখ্যা এবং প্রয়োগ নোট সমূহের উন্নয়ন এবং প্রণয়ন করে থাকেন, যা কিনা কোম্পানী সমূহের জন্য মানদণ্ড সমূহের প্রয়োগে সহায়ক হিসেবে কাজ করে। বর্তমানে বিশ্বের ১৬৬টি দেশ আইএফআরএস অধিগ্রহণ এবং প্রয়োগে জড়িত আছেন; ১৩০ টি দেশের ১৭০ সদস্য প্রতিষ্ঠান আইএফএসি ইস্যুকৃত নিরীক্ষা সংক্রান্ত মানদণ্ডসমূহ পরিগ্রহন করেছেন এবং ১৩০টি সদস্য দেশে আইভিএস মানদণ্ড সমূহের ব্যবহার হচ্ছে।

আইএফআরএস ফাউন্ডেশন হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন মানদণ্ড এবং এর ব্যাখ্যা, যেমন আন্তর্জাতিক ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS), এবং আইএফআরআইসি (IFRIC) এর উন্নয়ন ও প্রণয়ন করে থাকে; আন্তর্জাতিক নিরীক্ষা মানদণ্ডসমূহ (ISAs), এ্যাসিওরেন্স মানদণ্ড এবং নৈতিকতা কোড আন্তর্জাতিক ফেডারেশন অফ অ্যাকাউন্ট্যান্টস (IFAC) কর্তৃক উন্নয়ন ও প্রণয়ন করা হয়; ইন্টারন্যাশনাল ভ্যালুয়েশন স্ট্যান্ডার্ডস (IVS) আইভিএস কাউন্সিল (IVSC) কর্তৃক উন্নয়ন ও প্রণয়ন করা হয়, যাহা ব্যবসা এবং সম্পদের মূল্যনির্ধারণে ব্যবহৃত হয়।

ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS), আন্তর্জাতিক নিরীক্ষা মানদণ্ড (ISAs), এ্যাসিওরেন্স মানদণ্ড (Assurance standards), এবং নৈতিকতা কোড প্রায় এক যুগেরও বেশী সময় ধরে বাংলাদেশে প্রচলিত রয়েছে। ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন (FRA) ২০১৫ কার্যকরী হওয়া এবং এই চুক্তি সমূহ স্বাক্ষরের মধ্য দিয়ে মানদণ্ডসমূহ এখন সরাসরি বাংলাদেশের জাতীয় আইনে অন্তর্ভুক্ত হলো। ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন (FRA) এর মানদণ্ড সংক্রান্ত ধারার সঙ্গে সঙ্গে এফআরএ এর মাধ্যমে বাংলাদেশের কোম্পানী আইন ১৯৯৪, ব্যান্কেং কোম্পানী আইন ১৯৯১, বীমা আইন ২০১০, এমআরএ আইন ২০০৬, ইত্যাদি আইনের বিভিন্ন ধারার পরিবর্তন দ্বারা সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক এফআরসি ইস্যুকৃত মানদণ্ডসমূহের প্রতিপালনে আইনী বাধ্যবাধকতা নিঃসন্দেহে বাংলাদেশের হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশার উন্নয়নে গুরুত্বপূর্ণ মাইলফলক। ব্যবসা ও সম্পদের মূল্যনির্ধারণ এর জন্য আন্তর্জাতিক মূল্যনির্ধারণ মানদণ্ড (IVS) বাংলাদেশের মূল্যনির্ধারণ চর্চার ক্ষেত্রে একটি নতুন সংযোজন।

এফআরএ কার্যকর হওয়া এবং ২০১৭ সালে এফআরসি প্রতিষ্ঠা বাংলাদেশের হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশার স্ব-নিয়ন্ত্রণ থেকে সরকারী তদারকি ও নিয়ন্ত্রণে পদার্পণের এক যুগসন্ধিক্ষণ, যা কিনা সার্বভূক্ত দেশগুলোর মধ্যে প্রথম। মূলত জনস্বার্থ প্রতিষ্ঠানগুলি যেমন কর্পোরেটসহ অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান, সংস্থা, ইত্যাদির আর্থিক প্রতিবেদন কার্যক্রমকে একটি সু-নিয়ন্ত্রিত কাঠামোর আওতায় আনয়ন এবং নিরীক্ষকদের নিরীক্ষা প্রতিবেদনের সততা, স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা এবং উচ্চ মান নিশ্চিতকরণ এবং এই ক্ষেত্রগুলিতে সক্ষমতা বৃদ্ধিতে কাজ করাই এর উদ্দেশ্য। পুঁজিবাজারে জনস্বার্থ রক্ষা এবং অন্যান্য স্বার্থসংশ্লিষ্টদের উদ্বেগের সমাধানে এটি একটি যুগান্তকারী পদক্ষেপ।

M Anwarul Karim, FCA, CPA (USA), CFE, Executive Director  
FRC, Bangladesh; Phone: 880-2-9833754, 8801715255397; Email: [ed.ss@frcbd.org](mailto:ed.ss@frcbd.org);  
[karim\\_mohammad@hotmail.com](mailto:karim_mohammad@hotmail.com)